

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মনপুরা, ভোলা।

মহান বিজয় দিবস, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ শামীম মিঞা, উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত), মনপুরা, ভোলা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মনপুরা, ভোলা।

তারিখ : ০৪/১২/২০২১খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের নামের তালিকা আলাদা রেজিস্টারে সংরক্ষিত :

সভার শুরুতে ১৪ ডিসেম্বর, শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২১, ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস ও বিজয়ের সুবর্ণজয়ন্তী পালনের প্রস্তুতিমূলক সভার উপস্থিতসকলকে শুভেচ্ছা জানিয়ে ও মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে সভার কাজ শুরু করা হয়। ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস আমাদের জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ দুটি দিবস। যথাযথ মর্যাদার সাথে শহিদ বুদ্ধিজীবী দিবস পালন এবং বিজয়ের দিনটিকে স্মরণ করে উৎসব মুখর পরিবেশে দিবসটি পালনে জাতীয় কর্মসূচি এবং জেলা পর্যায়ের কর্মসূচির সাথে সংগতি রেখে মনপুরা উপজেলা পর্যায়ে কর্মসূচি প্রণয়নের জন্য উপস্থিত জনপ্রতিনিধি, কর্মকর্তাগণ, বীর মুক্তিযোদ্ধাগণ এবং সূধীগণের মতামত আহবান করা হয়। সকল ইউনিয়ন থেকে পুষ্পস্তবক অর্পণের জন্য জনসাধারণের আগমনের বিষয়টি বিবেচনায় রেখে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ভোর ৬.৩০ ঘটিকার এর পরিবর্তে সকাল ৯.০০ ঘটিকায় শুরুর বিষয়ে সিদ্ধান্ত হয়। বিস্তারিত আলাপ আলোচনান্তে নিম্নলিখিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

তারিখ ও বার	সময়	কর্মসূচি	স্থান	ব্যবস্থাপনায়
১৩-১২-২১ সোমবার	সন্ধ্যা ৬.০০ ঘটিকা	চলচ্চিত্র প্রদর্শনী- বাপজানের বারোফোপ	উপজেলা মিলনায়তন	সংশ্লিষ্ট উপ-কমিটি
১৪-১২-২১ মঙ্গলবার	সকাল ১১.০০ ঘটিকা	শহীদ বুদ্ধিজীবী দিবসের আলোচনা সভা	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	উপজেলা নির্বাহী অফিসার
১৪-১২-২১ মঙ্গলবার	সন্ধ্যা ৬.০০ ঘটিকা	চলচ্চিত্র প্রদর্শনী- ফাশন হাওয়ার	জেলা পরিষদ অডিটরিয়াম, মনপুরা, ভোলা।	উপজেলা প্রশাসন
১৫-১২-২১ বুধবার	দুপুর ১২.০০ ঘটিকা	সভার প্রতিযোগিতা	ইউএনও বাংলো সংলগ্ন পুকুর	ক্রীড়া উপ-কমিটি
১৫-১২-২১ বুধবার	সন্ধ্যা ৬.০০ ঘটিকা	চলচ্চিত্র প্রদর্শনী- গেরিলা	জেলা পরিষদ অডিটরিয়াম, মনপুরা, ভোলা।	উপজেলা প্রশাসন
১৬-১২-২১ বৃহস্পতিবার	সূর্যোদয়ের পূর্বে	৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের শ্রুত সূচনা	উপজেলা পরিষদ চত্বর	১। অফিসার ইনচার্জ, মনপুরা থানা। ২। আনাসার ডিডিপি কর্মকর্তা মনপুরা জেলা।
১৬-১২-২১ বৃহস্পতিবার	সকাল ৬.৩০মি:	জাতীয় পতাকা উত্তোলন	সরকারী / বেসরকারী/স্বায়ত্বশাসিত ও বে-সরকারী সকল প্রতিষ্ঠান	স-স কর্তৃপক্ষ।
১৬-১২-২১ বৃহস্পতিবার	সকাল ৯.০০ ঘটিকা	মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ	মনপুরা সরকারী কলেজ চত্বরে অস্থায়ী মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভ	পুষ্পস্তবক অর্পণ উপ কমিটি
১৬-১২-২১ বৃহস্পতিবার	সকাল ৯.৩০ ঘটিকা	আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন	মনপুরা সরকারী কলেজ চত্বর	সংশ্লিষ্ট উপ-কমিটি।
১৬-১২-২১ বৃহস্পতিবার	সকাল ১০.০০মি:	কুঁচকাওয়াজ পরিদর্শন	মনপুরা সরকারী কলেজ চত্বর	কুঁচকাওয়াজ উপ-কমিটি
১৬-১২-২১ বৃহস্পতিবার	সকাল ১১.০০ ঘটিকা	বীরমুক্তিযোদ্ধাদের সংবর্ধনা ও আলোচনা সভা	উপজেলা পরিষদ চত্বর	সংশ্লিষ্ট উপ-কমিটি
১৬-১২-২১ বৃহস্পতিবার	দুপুর ১২.০০ ঘটিকা	শিশু কিশোরদের ক্রীড়া প্রতিযোগিতা।	মনপুরা সরকারী কলেজ মাঠ	ক্রীড়া উপ-কমিটি।
১৬-১২-২১ বৃহস্পতিবার	বাদ জোহর:/ সুবিধাজনক সময়ে	শহীদ মুক্তিযোদ্ধাদের রুহের মাগফেরাত ও জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গাঁজা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয় বিশেষ মোনাজাত ও প্রার্থনা।	মসজিদ, মন্দির, গাঁজা, প্যাগোডা ও অন্যান্য উপসনালয়ে	স-স কর্তৃপক্ষ।

৪